ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৪৪
আগরতলা, ১৩ আগস্ট, ২০২৫

**স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা বার্তা**

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, স্বাধীনতা দিবস আমাদের জাতির জন্য একটি বিশেষ দিন, কারণ এই দিনে আমরা ব্রিটিশ শাসন থেকে স্বাধীনতা পেয়েছি। এই দিনটি সারা দেশে উৎসাহ উদ্দীপনার সাথে জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে পালন করা হয়ে থাকে। তিনি বলেন, স্বাধীনতা দিবসের এই পূণ্য দিনে আমি আমাদের বীর সশস্ত্রবাহিনী, রাজ্য এবং কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর সকল সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানাই যারা আমাদের দেশের সীমান্ত রক্ষা এবং অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা করছেন। ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে দীর্ঘ সংগ্রাম এবং আমাদের সাহসী বীর যোদ্ধাদের আত্মত্যাগের পর আমরা স্বাধীনতা পেয়েছি। আমাদের সেই অনুভুতিগুলিকে পুন:রুজ্জীবিত করতে হবে। এই শুভ দিনে আসুন আমরা সমাজের সকল শ্রেণীর মানুষের মধ্যে আনন্দ, ভালবাসা, সুখ, শান্তি এবং ভ্রাতৃত্ববোধের জন্য এবং রাজ্যকে উজ্জ্বল ও সমৃদ্ধ করার লক্ষ্যে হাতে হাত মিলিয়ে কাজ করার অঙ্গীকার করি।

*******